21 APR 2016

দৈনিক আমাদের সময়

# কারাগার থেকে এইচএসসি পরীক্ষা দিচ্ছে কিশোর তানভীর

## নেপথ্যের নায়করা ধরাছোঁয়ার বাইরে!

রহমান জাহিদ ●

সত্তর হাজার পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারের ঘটনায় এক কিশোর কারাগারে বন্দি থাকলেও এর নেপথ্যের নায়করা রয়ে গেছে ধরাছোঁয়ার বাইরে। গত ৮ মার্চ এ বিপুল পরিমাণ ইয়াবা উদ্ধারের ঘটনায় গোয়েন্দা পুলিশের তদন্ত কর্মকর্তারা নেপথ্য হোতাদের বিষয়ে এখনো কোনো কূলকিনারা করতে পারেননি।

**সত্তর হাজার পিস ইয়াবার মামলা**

এদিকে আসামিপক্ষের আইনজীবীরা বলছেন, এ মামলায় গ্রেপ্তারকৃত কিশোর মো. তানভীর হোসেনের কোনো সম্পৃক্ততা নেই। এইচএসসি পরীক্ষার্থী এ কিশোরকে অযথাই মামলাটিতে ফাঁসানো হয়েছে।

অন্যদিকে মামলার তদন্ত কর্মকর্তা গোয়েন্দা পুলিশের অবৈধ মাদক উদ্ধার ও প্রতিরোধ টিমের এসআই মোহাম্মাদ আব্দুর রউফ তালুকদার বলেন, আসামিকে রিমান্ডে নেওয়ার পর সে একেক সময় একেক কথা বলায় তদন্তে কোনো অগ্রগতি হয়নি এবং নেপথ্য হোতাদের কারও নাম জানা যায়নি। তবে আমরা নেপথ্যের আসামিদের খুঁজে বের করার চেষ্টায় আছি।

মামলার এজাহার অনুযায়ী, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ জানতে পারে, ঢাকা মেট্রো-গ-৩১-২৪৬৬ নম্বরের সাদা রঙের একটি এক্স-করোল্লা প্রাইভেটকারে প্রচুর পরিমাণে ইয়াবা টেকনাফ থেকে ঢাকার ডেমরা স্টাফ কোয়ার্টার্স আশুলিয়া রোড হয়ে রামপুরার দিকে আসছে। ওই সংবাদের ভিত্তিতে গত ৮ মার্চ রাত সোয়া ৯টার সময় পুলিশ ডেমরা থানাধীন স্টাফ কোয়ার্টার্স আশুলিয়া রোড়ের-মিরপাড়া রোডে অবস্থান নেয়। রাত ৯টা ২৫ মিনিটে প্রাইভেটকারটি ওই স্থানে পৌঁছলে ব্যারিকেড দিয়ে প্রাইভেটকারটি আটক করার সময় এক আরোহী এরপর পৃষ্ঠা ৬, কলাম ২

## কারাগার থেকে এইচএসসি

(শেষ পৃষ্ঠার পর) পালানোর চেষ্টা করলে তাকে আটক করা হয়। আটকের পর সে জানায়, তার নাম মো. তানভীর হোসেন (১৯)। এরপর পুলিশ গাড়িটি তল্লাশির সময় ওই আসামির দেখানো মতে প্রাইভেটকারটির পেছনের সিটের সামনে কালো রঙের কাপড়ের হ্যান্ডব্যাগে (যার গায়ে বাংলায় 'মেডিক্যাল সম্মেলন ও বার্ষিক সাধারণ সভা-২০১১ বিএমএ' লেখা) রক্ষিত সাদা টিস্যু পেপার ও টেপ দ্বারা মোড়ানো ৭টি বান্ডেল। যার প্রতিটিতে ৫০টি ছোট নীল রঙের পলির প্যাকে ২০০ পিস করে মোট ৭০ হাজার পিস ইয়াবা উদ্ধার হয়। ও ঘটনায় তানভীরকে আসামি করে ওইদিনই ডেমরা থানায় মাদক আইনের ১৯ (১) টেবিল ৯ (খ) ধারায় একটি মামলা করা হয়।

এদিকে মামলার আইনজীবী অ্যাডভোকেট গোলাম মোস্তফা খান বলেন, আসলে ওই প্রাইভোটকারে ১ লাখ পিস ইয়াবা পাওয়া যায় বলে আমরা জানতে পেরেছি। গ্রেপ্তারকৃত তানভীর ওই গাড়িতেই ছিল না। তাকে বলির পাঁঠা বানানো হয়েছে। গত ৩ এপ্রিল থেকে যার এইচএসসি পরীক্ষা শুরু হয়েছে সেই ছেলে এমন কাজ করতে পারে? জামিন না পেয়ে সে এখন কারাগারেই এইচএসসি পরীক্ষা দিচ্ছে।

তিনি আরও জানান, সার্টিফিকেট অনুযায়ী তানভীরের বর্তমান বয়স ১৭ বছর ৪ মাস। তাই আদালত তাকে কিশোর হিসেবে ঘোষণা করেছে।